পাবনায় কবি গুরুর ১৫৫ তম জন্মজয়ন্তী পালন

শহর প্রতিনিধি: সোমবার (৯ মে)
সন্ধা ৬ টায় একুশে বইমেলা উদযাপন
পরিষদ,পাবনার আয়োজনে বীর
মুক্তিযোদ্ধা রফিকুল ইসলাম বকুল
পৌর মিলনায়তনে কবি গুরু
বীন্দ্রনাথ ঠাকুরের ১৫৫ তম
জন্মজয়ন্তী উপলক্ষে আলোচনা সভা ও
সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে
।

কবি গুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মজয়ন্তীতে কবির সাহিত্য কর্ম নিয়ে আলোচনা করেন, একুশে বইমেলা উদযাপন পরিষদ,পাবনার সভাপতি মো: জাকির হোসেন, সাধারণ সম্পাদক হাবিবুর রহমান স্বপন ।

এছাড়াও উক্ত অনুষ্ঠানে কবির সাহিত্য কর্ম নিয়ে আলোচনা করেন, লালন স্মৃতি পরিষদের সাধারণ সম্পাদক রেজাউল করিম মনি, কবি ও প্রবন্ধকার মির্জা গোলাম রব্বানী ও কবি আজিজুল হক ।

আলোচনা শেষে অতিথি শিল্পীরা গান পরিবেশন করেন । অতিথি শিল্পীদের মধ্যে উপস্থিত ছিলেন -ফাহিম হোসেন চৌধুরী, দোলা বন্দ্যোপাধ্যায় (কলকাতা), বর্ণালী বিশ্বাস শান্তা ।